বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি: Biman BANGLADESH AIRLINES LTD.
HEAD OFFICE, BALAKA, KURMITOLA, DHAKA-1229, BANGLADESH, PHONES: 8901600-14, 8901680-94, FAX: 88-02-8901558, www.biman-airlines.com

স্মারক নম্বর: ৩০.৩৪.০০০০.০৭৩.৩৫.০০০.২৬.৩১০

তারিখ: ২৯ অক্টোবর ২০২৬



বিভিন্ন পদের মৌখিক পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি. এর নিয়োগ বিজ্ঞপ্তি সূত্র নং-৩০.৩৪.০০০০.০৭৩.২৯.০০০.২৩/১২৮ তারিখ ২২-০৬-২০২৩ খ্রি. ও সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি সূত্র নং-৩০.৩৪.০০০০.০৭৩.২৯.০০০.২৫/৫১ তারিখ ২৩-০১-২০২৫ খ্রি. এর মাধ্যমে প্রকাশিত জুনিয়র অ্যাসিস্ট্যান্ট (ক্যাটারিং সার্ভিসেস এন্ড কো-অর্ডিনেশন), আইটি অ্যাসিস্ট্যান্ট, টেইলর, জুনিয়র অফিসার (মেইন্টেন্যান্স) ও মেন্যু প্ল্যানিং অ্যাসিস্ট্যান্ট এবং নিয়োগ বিজ্ঞপ্তি সূত্র নং-৩০.৩৪.০০০০.০৭৩.২৯.০০০.২৪/৩৮৫ তারিখ ২০-০৩-২০২৪ খ্রি. ও সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি সূত্র নং-৩০.৩৪.০০০০.০৭৩.২৯.০০০.২৪/৯৭৩ তারিখ ২২-১২-২০২৪ খ্রি. এর মাধ্যমে প্রকাশিত পাম্প অ্যাসিস্ট্যান্ট পদসমূহের মৌখিক পরীক্ষা নিম্নবর্ণিত তারিখ ও সময় অনুসারে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেডের প্রধান কার্যালয়, বলাকা ভবন, মিনি কনফারেন্স রুম (৪র্থ তলা) অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের নিম্নলিখিত ডকুমেন্টসহ যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ করা যাচ্ছে:

০১। অ্যাডমিট কার্ডের কালার প্রিন্ট ২ কপি।
০২। টেলিটক প্রদত্ত অ্যাপ্লিক্যান্ট কপি (কালার প্রিন্ট)।
০৩। পাসপোর্ট সাইজের সত্যায়িত ০২ (দুই) কপি ছবি।
০৪। জাতীয় পরিচয়পত্র ও জন্ম (নিবন্ধন) সনদের মূলকপি এবং ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি।
০৫। ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের মূলকপি এবং ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি।
০৬। সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও মার্কশিটের মূলকপি এবং ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি।
০৭। কম্পিউটার জ্ঞান / দক্ষতা সংক্রান্ত সনদের মূলকপি এবং ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি।
০৮। ক) ফুড এন্ড বেভারেজে ০৬ মাস মেয়াদি ট্রেড কোর্স সনদের মূলকপি এবং ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি। পর্যটন/পলিটেকনিক ইন্সটিটিউট/বিয়াম/অথবা সমপর্যায়ের কোন প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে হোটেলে অভিজ্ঞতা সনদের মূলকপি এবং ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি এবং আন্তর্জাতিক হোটেল/ক্যাটারিং প্রতিষ্ঠানে ক্যাটারিং ম্যানেজমেন্টে কমপক্ষে ০৩ বছরের অভিজ্ঞতা সনদের মূলকপি এবং ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি। এছাড়াও, ক্যাটারিং ম্যানেজমেন্টে ডিপ্লোমা/ট্রেড কোর্স সম্পন্নকারী প্রার্থীদের কোর্স সনদের মূলকপি এবং ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি (জুনিয়র অ্যাসিস্ট্যান্ট (ক্যাটারিং সার্ভিস এন্ড কো-অর্ডিনেশন) পদের জন্য প্রযোজ্য)।
খ) নেটওয়ার্ক অ্যাডমিনিস্ট্রেশন, কম্পিউটার হার্ডওয়্যার, সফটওয়্যার ইন্সস্টলেশন, রক্ষণাবেক্ষণ, মেরামত ও ট্রাবলশ্যুটিং সংক্রান্ত পর্যাপ্ত/প্রমাণিত জ্ঞানসহ কমপক্ষে ০৩ বছরের বাস্তব অভিজ্ঞতা সনদের মূলকপি এবং ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি (আইটি অ্যাসিস্ট্যান্ট পদের জন্য প্রযোজ্য)।
গ) টেইলরিং কাজে ০৩ বছরের অভিজ্ঞতা সনদের মূলকপি এবং ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি (টেইলর পদের জন্য প্রযোজ্য)।
ঘ) এয়ারকন্ডিশন, রেফ্রিজারেশন রক্ষণাবেক্ষণ এবং ইলেক্ট্রিক ইনস্টলেশন কাজে ০২ বছরের অভিজ্ঞতা সনদের মূলকপি এবং ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি (জুনিয়র অফিসার (মেইন্টেন্যান্স) পদের জন্য প্রযোজ্য)।
০৯। কোটায় আবেদনকারী প্রার্থীদেরকে কোটার সমর্থনে সরকার কর্তৃক প্রদত্ত দলিলাদি (সনদপত্র, গেজেট, মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটের MIS/অনলাইন কপি) এবং বীর মুক্তিযোদ্ধার ওয়ারিশান সনদপত্র;
১০। অন্যান্য আনুষঙ্গিক ডকুমেন্টস (যদি থাকে) এর মূলকপি এবং ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি।

মৌখিক পরীক্ষার সময়সূচি

পদের নাম	রোল নম্বর	তারিখ	সময়
জুনিয়র অ্যাসিস্ট্যান্ট (ক্যাটারিং সার্ভিসেস এন্ড কো-অর্ডিনেশন)	16000005, 16000006, 16000011, 16000021, 16000026, 16000028, 16000032	০২ নভেম্বর ২০২৬ রোজ সোমবার	প্রতিদিন বেলা ১.০০ টা
আইটি অ্যাসিস্ট্যান্ট	20000002, 20000015, 20000019, 20000025, 20000026		
টেইলর	23000024, 23000067, 23000082, 23000125, 23000157	০৩ নভেম্বর ২০২৬ রোজ মঙ্গলবার	
জুনিয়র অফিসার (মেইন্টেন্যান্স)	13000018, 13000031, 13000037, 13000044, 13000050		
মেন্যু প্ল্যানিং অ্যাসিস্ট্যান্ট	14000060, 14000063, 14000105, 14000109, 14000111		
পাম্প অ্যাসিস্ট্যান্ট	22000007, 22000010, 22000018, 22000020, 22000024, 22000029, 22000059, 22000107, 22000131, 22000176, 22000180	০৪ নভেম্বর ২০২৬ রোজ বুধবার	

29.10.26

শেখ গোলাম মর্তুজা
ব্যবস্থাপক প্রশাসন (নিয়োগ)
ই-মেইল: mgremp@biman.gov.bd